

Total number of printed pages-7

63/1 (SEM-4) CC9/BENHC4096

2025

**BENGALI**

Paper : BENHC4096

**(Rabindra Literature-2)**

Full Marks : 80

Pass Marks : 32

Time : Three hours

**The figures in the margin indicate  
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো :

(যে-কোনো ছয়টি) :

১×৬=৬

(ক) কঙ্কাল গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(i) সাধনা

(ii) ভারতীয়

(iii) ভারতবর্ষ

(iv) সবুজপত্র

(খ) নিরুপমা তার কয়টি ভাইয়ের পর জন্মেছিল?

(i) দুই

(ii) পাঁচ

(iii) আট

(iv) দশ

(গ) রবীন্দ্রনাথের জীবনস্মৃতি গ্রন্থ কত সালে প্রকাশিত?

(i) ১৪১৪-১৫ বঙ্গাব্দ

(ii) ১৪১৫-১৬ বঙ্গাব্দ

(iii) ১৪১৮-১৯ বঙ্গাব্দ

(iv) ১৪২০-২১ বঙ্গাব্দ

(ঘ) 'ন্যাশনাল পেপার' পত্রের এডিটর কে ছিলেন?

(i) শ্রীকণ্ঠ বাবু

(ii) শ্রীযুক্ত নবগোপাল মিত্র

(iii) গোবিন্দ বাবু

(iv) সাতকড়ি দত্ত

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম স্কুলের নাম কী?

(i) নর্মাল স্কুল

(ii) বেঙ্গল একাডেমি

(iii) সেন্ট জাভিয়ার্স স্কুল

(iv) ওরিয়েন্টাল সেমিনারি

(চ) রতনের বয়স কতো?

(i) দশ-বারো

(ii) নয়-দশ

(iii) বারো-তেরো

(iv) তেরো-চোদ্দ

(ছ) জীবনস্মৃতি গ্রন্থের মোট পর্ব সংখ্যা কত?

(i) ৩৯ টি

(ii) ৪৪ টি

(iii) ৪৯ টি

(iv) ৫৪ টি

(জ) মনেপড়া কবিতায় যে মাসের কথা উল্লেখ আছে সেটি হল —

(i) আষাঢ়

(ii) শ্রাবণ

(iii) ভাদ্র

(iv) আশ্বিন

(ঝ) শিশু ভোলানাথ গ্রন্থের কবিতাগুলি প্রকাশিত হয়নি যে পত্রিকায়?

(i) সন্দেশ

(ii) ভারতী

(iii) প্রবাসী

(iv) বঙ্গবাসী

(ঞ) 'বাউল' কবিতায় বাউল কোন গাছের তলায় দাঁড়িয়েছিল?

(i) দেবদারু

(ii) কাঁঠাল

(iii) বট

(iv) অশ্বথ

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো পাঁচটি) :

২×৫=১০

(ক) কঙ্কাল গল্প কত সালে প্রকাশিত? এই গল্পের প্রধান চরিত্র কোনটি?

(খ) দেনাপাওনা গল্পে কোন ঘট্য সামাজিক ব্যাধির কথা বলা হয়েছে? কার আত্মবিসর্জনের মধ্য দিয়ে গল্পের কাহিনি শেষ হয়?

(গ) পোস্টমাস্টার কোথাকার ছেলে এবং চাকরি সূত্রে তাকে কোন গ্রামে আসতে হয়েছিল?

(ঘ) রবীন্দ্রনাথের জীবনস্মৃতি গ্রন্থটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছে? এই গ্রন্থের ছবিগুলি কে অঙ্কন করেছেন?

(ঙ) জীবনস্মৃতি গ্রন্থের হিমালয় যাত্রা অধ্যায়ে উল্লেখিত বিভিন্ন শহরের যে-কোনো দুটির নাম লেখো।

(চ) রবীন্দ্রনাথ ঠাকুরের একজন গৃহশিক্ষকের নাম লেখো। তিনি কোন বিষয় পড়াতেন?

(ছ) দুয়োরানী কবিতায় উল্লেখিত যে-কোনো দুটি জীবজন্তুর নাম লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : ৫×৬=৩০

(ক) একরাত্রি গল্পে সুরবালাকে দেখে কথক বা নায়কের মনে কী প্রতিক্রিয়া হয়েছিল তা সংক্ষেপে লেখো।

(খ) 'পোস্টমাস্টার রতনের এরূপ ব্যবহার কখনো দেখেন নাই, তাই অবাক হইয়া রইলেন।' — প্রসঙ্গটি বিস্তৃত করো।

(গ) 'শাশুড়ি বলিলেন, কেবল বাপের বাড়ি যাইবার ছল' — কে কাকে কোন প্রসঙ্গে উক্তিটি করেছেন তা সংক্ষেপে বর্ণনা করো।

- (ঘ) জীবনস্মৃতি গ্রন্থে উল্লেখিত শ্রীকণ্ঠবাবু চরিত্রটি আলোচনা করো।
- (ঙ) পেনেটিতে ছাত্তুবাবুদের বাগানে থাকাকালীন রবীন্দ্রনাথের অভিজ্ঞতা কেমন ছিল আলোচনা করো।
- (চ) রবীন্দ্রনাথের স্কুলজীবনে বেঙ্গল একাডেমি স্কুলের অভিজ্ঞতা সম্পর্কে সংক্ষেপে লেখো।
- (ছ) 'তোমাকে পদ্য লিখিতে হইবে' — রবীন্দ্রনাথের জীবনে পদ্য রচনার সূত্রপাত কীভাবে হয়েছিল আলোচনা করো।
- (জ) 'রাজমিন্দ্রী' কবিতায় বর্ণিত রাজমিন্দ্রীর দৈনিক কাজকর্মের বিবরণ দাও।
- (ঝ) 'ভোরে শিউলিবনে/শিশির-ভেজা হাওয়া বেয়ে/ফুলের গন্ধ আসে,' — কোন কবিতার অংশ? এই কবিতায় যে ভাব প্রকাশ পেয়েছে তা বিশদে আলোচনা করো।
- ১+৪=৫
- (ঞ) শিশুমনের যে অভিপ্রায় 'সাত সমুদ্র পারে' কবিতায় প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে লেখো।

৪। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

- (ক) 'সমাপ্তি' গল্পের নামকরণ কতখানি সার্থক হয়েছে তা পর্যালোচনা করো।
- (খ) 'ভূত্যরাজক তন্ত্রে' রবীন্দ্রনাথের ছেলেবেলা কেমন ছিলো সে সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।

- (গ) 'আমাদের শিশুকালে ভোগবিলাসের আয়োজন ছিল না বলিলেই হয়' — এই বক্তব্যের আলোকে 'ঘর ও বাহির' পরিচ্ছেদটি বিশ্লেষণ করো।
- (ঘ) 'শিশু ভোলানাথ' কবিতায় শিবের রৌদ্ররূপকে কবি কীভাবে উপস্থাপন করেছেন তা আলোচনা করো।

৫। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

$$১৪ \times ১ = ১৪$$

- (ক) রবীন্দ্রনাথের কঙ্কাল গল্পে অতিপ্রাকৃত রসের আড়ালে বড় হয়ে উঠেছে নারীর আত্মকথা — আলোচনা করো।
- (খ) 'জীবনস্মৃতি' গ্রন্থের স্বাদেশিকতা অধ্যায়ে ঠাকুর পরিবারের যে স্বদেশপ্রীতি ফুটে উঠেছে তা পর্যালোচনা করো।
- (গ) 'বাউল' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় আলোচনা করো।